গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
ওয়েবসাইট: ranisankail.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৮৬.০০০.১৮.০৫৬.২৩- ২০৬

তারিখ ঃ ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

## বাংলা ১৪৩০ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাণীশংকৈল উপজেলার নিম্নলিখিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে ঃ

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | অবস্থান | ৬% বৃদ্ধিতে সরকারি মূল্য | সিডিউলের মূল্য | দরপত্র দাখিলের তারিখ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম বার ০৯/০৩/২৩ | ২য় বার ১৪/০৩/২৩ | ৩য় বার ২০/০৩/২৩ | ৪র্থ বার ২৮/০৩/২৩ |
| ০১. | চেকপোষ্ট হাট | ধর্মগড় ইউপি | ২৯,৪৬৮/- | ৫০০/- | " | " | " | " |
| ০২. | ভরনিয়া হাট | " | ৬৯,১৬৫/- | ৫০০/- | " | " | " | " |
| ০৩. | লক্ষিরহাট | " | ৬২/- | ৫০০/- | " | " | " | " |
| ০৪. | ভোমরাঘাট হাট | " | ৪২৬/- | ৫০০/- | " | " | " | " |
| ০৫. | কাউন্সিল হাট | " | ৬,৫৫৩/- | ৫০০/- | " | " | " | " |
| ০৬. | নেকমরদ হাট | নেকমরদ ইউপি | ১,৪৮,২১,৬৩০/- | ৩৫০০০/- | " | " | " | " |
| ০৭. | আলশিয়া হাট | " | ১১,২৭১/- | ৫০০/- | " | " | " | " |
| ০৮. | রাউতনগর হাট | হোসেনগাঁওইউপি | ২,০৮,৬৪৩/- | ১৫০০/- | " | " | " | " |
| ০৯. | চাপোরপার্বতীপুর হাট | লেহেম্বা ইউপি | ৫,৯০১/- | ৫০০/- | " | " | " | " |
| ১০. | গোগর হাট | " | ৫৩,১৩৪/- | ৫০০/- | " | " | " | " |
| ১১. | পদমপুর হাট | " | ১২,৩৯৯/- | ৫০০/- | " | " | " | " |
| ১২. | কাতিহার হাট | বাচোর ইউপি | ১,১২,৭৬,৬৩৩/- | ২৫০০০/- | " | " | " | " |
| ১৩. | বাজেবকসা হাট | " | ৭,১৩৭/- | ৫০০/- | " | " | " | " |
| ১৪. | বাচোর হাট | " | ১৬২/- | ৫০০/- | " | " | " | " |
| ১৫. | মীরডাংগী হাট | " | ৫৫,১৯৮/- | ৫০০/- | " | " | " | " |
| ১৬. | কাদিহাট বটতলা হাট | কাশিপুর ইউপি | ৩৫৪/- | ৫০০/- | " | " | " | " |
| ১৭. | কাশিপুর বটতলা হাট | " | ১০৯৬/- | ৫০০/- | " | " | " | " |
| ১৮. | চৌরাস্তা হাট | " | ২১১/- | ৫০০/- | " | " | " | " |
| ১৯. | মহারাজা হাট | " | ৪৭,২০৫/- | ৫০০/- | " | " | " | " |
| ২০. | ঢোলপুকুর হাট | " | ৬৬/- | ৫০০/- | " | " | " | " |
| ২১. | বগুলাডাংগী হাট | রাতোর ইউপি | ৪৭,৪৭৫/- | ৫০০/- | " | " | " | " |
| ২২. | বাংলাগড় হাট | " | ১৪,২৫৯/- | ৫০০/- | " | " | " | " |
| ২৩. | ডুমুরকালী হাট | " | ৬৯৭/- | ৫০০/- | " | " | " | " |
| ২৪. | বলিদ্বারা হাট | নন্দুয়ার ইউপি | ৩,২২,২৩৭/- | ১৫০০/- | " | " | " | " |
| ২৫. | রামপুর হাট | " | ১,০২,৮৩৯/- | ১০০০/- | | | | |

দরপত্র ফরম দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত
০২. ইচ্ছুক দরপত্র দাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে । সহকারী কমিশনার (ভুমি), রাণীশংকৈল এর কার্যালয়, সোনালী ব্যাংক, রাণীশংকৈল শাখা,
অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয়, ঠাকুরগাঁও হতে নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে। দরপত্র নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের
রাণীশংকৈল থানা এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ১০-০০ টা হতে বেলা ১-০০
কার্যালয়, রাণীশংকৈল, সহকারী কমিশনার (ভুমি), রাণীশংকৈল এর কার্যালয়, জেলা প্রশাসক, ( যদি কেহ উপস্থিত থাকেন ) খোলা হবে। কোন হাট-বাজরের দাখিলকৃত দর
টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৩:০০ টায় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন
অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ে তফসিল হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। -তে পাওয়া যাবে।
সময়ে জানা যাবে ও ওয়েবসাইট: ranisankail.thakurgaon.gov.bd এবং ইজারা সংক্রান্তে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল কিংবা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন

১৯/০৬/২০২৩

(সোহেল সুলতান জুলকার নাইন কবির)
উপজেলা নির্বাহী অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
☎০২৫৮৯৯৩৩৬৬৫

### বাংলা ১৪৩০ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১) বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।
০২) দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% ( শতকরা ত্রিশ ভাগ ) অর্থ জামানত হিসেবে যেকোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে
"উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল" এর অনুকুলে জমা দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে
সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি
সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।
০৩) যার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ ) অর্থ, মোট দাখিলকৃত
দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় হাট ইজারার জন্য জমাকৃত
[illegible] ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট বাজারের জন্য নির্ধারিত সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনঃরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যহত থাকবে।

০৫) এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৬) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭) সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারা দাতার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করতে হবে।

০৮) প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯) ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেনা। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০) ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়ালষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করে হাট-বাজার দখল গ্রহন করতে হবে।

১১) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে লটারীর মাধ্যমে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

১২) ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪) কোন প্রকার ঘষামাজা/ কাটাকাটি, লেখার উপর লেখা বা স্বাক্ষরবিহীন দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৫) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৬) হাট-বাজারের ইজারার টাকা যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭) উপরের যে কোন শর্ত পালনে ব্যর্থতা/ গাফিলাতি প্রদর্শন করলে ইজারার মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করাসহ জমাকৃত টাকা সরকার বরাবর বাজেয়াপ্ত করা জবে।

১৮) ইজারাদার হাট-বাজারে কোন প্রকার অবৈধ দোকান-পাট তৈরি করতে পারবেন না বা তৈরির আদেশ দিতে পারবেন না। দোকান পাট তৈরি করা হলে শর্ত লংঘনের পর্যায়ে পড়বে।

১৯) হাট-বাজার সংক্রান্ত সরকার কর্তৃক সময় সময় অরোপিত বিধি বিধান আলোচ্য ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২০) কোন ইজারাদারের নিকট পূর্ববর্তী যে কোন বছরে যে কোন হাটের ইজারামূল্য বকেয়া থাকলে তিনি ইজারা অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।

২১) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্মারক নং-০৫.৫৫.৯৪৮৬.০০০.১৪.০৫৬.২২-২০৬/১(২০০)

তারিখ ঃ ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

(১) জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
(২) পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
(৪) উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/বালিয়াডাংগী/ পীরগঞ্জ ও হরিপুর উপজেলা, ঠাকুরগাঁও।
(৫) সহকারী কমিশনার (ভুমি), রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
(৬) অফিসার-ইন-চার্জ, রাণীশংকৈল থানা। তাকে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্য অনুরোধ করা হলো।
(৭) উপজেলা ------------------------ অফিসার (সকল), রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
(৮) ম্যানেজার, সোনালী ব্যাংক, রাণীশংকৈল শাখা, ঠাকুরগাঁও।
(৯) চেয়ারম্যান, --------------- ইউপি (সকল), রাণীশংকৈল, ঠাকুরগাঁও। তাঁর এলাকায় হাট-বাজারে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোল-শহরতের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
(১০) ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা, ---------------------- ইউনিয়ন ভুমি অফিস, রাণীশংকৈল, ঠাকুরগাঁও। তাঁর এলাকায় হাট বাজারে বিজ্ঞপ্তিটি মাইক/ ঢোল-শহরতের মাধ্যমে প্রচার করতঃ দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পুর্বে একটি জারী প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
(১১) সম্পাদক, দৈনিক. ...................... ঢাকা/ ঠাকুরগাঁও। তাঁকে উপরোল্লিখিত বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত পত্রিকায় ১ (এক) দিন স্বল্প পরিসরে এবং কম খরচে (৩ কলাম ইঞ্চি × ১০ ইঞ্চি) প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা হবে।
(১২) অফিস কপি।

১৯/০২/২০২৩

(সোহেল সুলতান জুলকার নাইন কবির)
উপজেলা নির্বাহী অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
☎০২৫৮৯৯৩৩৬৬৫